

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাআাা গাঁথী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ০৮/২০১৭

তারিখ : ২৫- ০৪ -২০১৭

কনভেনেন্স প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

আগের সার্কুলারেই আমরা উল্লেখ করেছিলাম পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষা (প্রশাসন ও নিয়ন্ত্রণ) বিল পয়লা এপ্রিল, ২০১৭ থেকে আইনে পরিণত হয়েছে। গত ১৫ ফেব্রুয়ারী, ২০১৭ বিধানসভা অভিযানের মধ্য দিয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই বিলের সর্বনাশা ধারাগুলি উল্লেখ করে তা সংশোধনের জন্য অনুরোধ জানিয়েছিলাম। কিন্তু পরিতাপের বিষয় হল রাজ্য সরকার শিক্ষক-শিক্ষাকর্মীদের গণতান্ত্রিক অধিকার হরণের লক্ষ্যে বদ্ধপরিকর থাকায় আমাদের আবেদনে বিশুমাত্র সাড়া না দিয়ে একত্রফা ভাবে এই বিল আইনে পরিণত করেছে।

অধ্যাপক সমিতি মনে করে এই আইন পুরোদষ্টুর কার্যকর হলে আগামী দিনে উচ্চশিক্ষা ক্ষেত্রে বিপর্যয় নেমে আসবে। শিক্ষায় স্বাধিকার সম্পূর্ণ নস্যাং করে গণতান্ত্রিক প্রশাসন ভিত্তিক পরিচালন ব্যবস্থাকে ভেঙ্গে ক্যাম্পাসগুলির নিয়ন্ত্রণ সরকার তথা শাসকদলের হাতে যেভাবে কুক্ষিগত করার পরিকল্পনা করা হয়েছে, তা পঠনপাঠনের স্বাভাবিক পরিবেশকে আগে বিঘ্নিত করবে। যেভাবে বিশ্ববিদ্যালয়গুলির প্রবীন শিক্ষকদের এককথায় তাড়িয়ে দেওয়া হচ্ছে তা শুধু অসম্মানজনক নয়, পঠনপাঠন ও উন্নত গবেষণার পরিপন্থী। গবেষকরা বিপন্ন। সমিতি মনে করে শিক্ষক-শিক্ষাকর্মী-অধিকারিকদের এভাবে ভয় দেখিয়ে বা হৃষকি দিয়ে বা অর্ধাদাকর পরিস্থিতির মুখে ঠেলে দিয়ে বা বায়োমেট্রিক ইত্যাদি পদ্ধতি চালু করার মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানকে কারখানা বানিয়ে উচ্চশিক্ষার মানোন্নয়ন নিশ্চিত হতে পারে না। এরজন্য চাই সরকারি ব্যয়ে শিক্ষা, মুক্তচিন্তা ও জ্ঞান চর্চার কল্যামুক্ত আর্দ্ধ পরিবেশ, পঠনপাঠন ও গবেষণার উপর্যুক্ত পরিকাঠামো, আধুনিক ও বিজ্ঞানসম্মত পাঠক্রম ও শিক্ষায় স্বাধিকার সহ কলেজ বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক প্রশাসন। চাই শিক্ষা প্রশাসনে শিক্ষক-শিক্ষাকর্মী-অধিকারিক সহ ছাত্রছাত্রীদের নির্বাচিত প্রতিনিধিত্ব। চাই লাঞ্ছনিক মুক্ত শিক্ষাস্নান।

আমরা সমিতির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষক সংগঠনসমূহ এবং কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষাকর্মী সংগঠনগুলির সাথে বৈঠক করে এই সর্বনাশা আইন বাতিলের দাবিতে এবং ক্যাম্পাসগুলিতে ধর্মীয় মৌলবাদী শক্তির অস্ত্রিতা সৃষ্টির অপচেষ্টা রূখতে যৌথ আন্দোলনের কর্মসূচি গ্রহণ করেছি। আগামী ১২ মে, ২০১৭, শুক্রবার দুপুর ১২টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত কলকাতার রানী রাসমণি রোডে বিক্ষোভ -অবস্থান কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচিতে অধ্যাপক সমিতি সহ কলিকাতা, যাদবপুর, রবীন্দ্রভারতী, বর্ধমান, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় (বারাসত) ও বিধানচন্দ্ৰ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিগুলি, পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় কর্মচারী যুক্ত সংগ্রাম পরিষদ, পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন, যাদবপুর ইউনিভার্সিটি কর্মচারী সংসদ, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি প্রযুক্ত অংশ নেবো। এছাড়াও বৈঠকে সিদ্ধান্ত হয়েছে আগামী দিনে আমাদের এই আন্দোলনকে আরও জোরদার করার জন্য সোন্দেলের কর্মসূচিতে বিধানসভার বিরোধী দলনেতা মাননীয় আবুল মামান, বিরোধী জোটের পরিষদীয় নেতা ড. সুজন চক্রবর্তী, সেভ ডেমোক্রেসি ফোরামের অন্যতম সংগঠক বিচারপতি অশোক গাঙ্গুলী, আইনজীবি বিকাশ রঞ্জন ভট্টাচার্য সহ রাজ্যের প্রথিতযশা শিক্ষাবিদ ও প্রাক্তন উপাচার্যদের আমন্ত্রণ জানানো হবে। পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে আমরা তাই সমিতির পক্ষ থেকে অধ্যাপক সমিতির সকল সদস্য সদস্য বন্ধুর কাছে সন্দৰ্ভ অনুরোধ করছি আগামী ১২ মে র এই কর্মসূচিতে সংগঠিতভাবে (প্রয়োজনে ছুটি নিয়ে) যোগদান করুন।

অভিনন্দন সহ

প্রতিনিধি প্রহ্লাদ

(প্রতিনিধি প্রহ্লাদ)

সাধারণ সম্পাদক

শিক্ষার স্বাধিকার-বিরোধী, অগণতাত্ত্বিক, শিক্ষক- শিক্ষাকর্মী-আধিকারিকদের স্বার্থ
হরণকারী পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষা(প্রশাসন
ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৭ বাতিলের দাবিতে এবং
শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় মৌলবাদী শক্তির অস্তিত্ব সৃষ্টির অপচেষ্টার বিরুদ্ধে---

বিক্ষোভ

অবস্থান কর্মসূচি

১২ মে, ২০১৭, শুক্রবার

সময় : দুপুর ১২টা থেকে রাত্রি ৮টা
স্থান - রানী রাসমণি রোড, কলকাতা

কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক ও শিক্ষাকর্মী বন্ধুরা
দলে দলে যোগ দিন।

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কলিকাতা বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতি, যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি,
বর্ধমান বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি,
পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় কর্মচারী যুক্ত সংগ্রাম পরিষদ, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্মচারী
সমিতি, পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন, যাদবপুর ইউনিভার্সিটি কর্মচারী সংসদ